দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 04 NOV 2016 ...
পৃষ্ঠা ... ২৪ ... কলাম ৪ ... ... ......

# মেলান্দহে নকল সরবরাহের অভিযোগে ৭ শিক্ষক বহিষ্কার

■ মেলান্দহ (জামালপুর) সংবাদদাতা

জামালপুর জেলার মেলান্দহের হাজরাবাড়ী পরীক্ষা কেন্দ্রে শিক্ষার্থীদের নকল সরবরাহের অভিযোগে ৭ শিক্ষক-শিক্ষিকাকে বহিষ্কার করেছে উপজেলা প্রশাসন। গতকাল বৃহস্পতিবার জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ইংরেজি প্রথমপত্র পরীক্ষা চলাকালে এ ঘটনা ঘটে।

বহিষ্কৃত শিক্ষক-শিক্ষিকারা হলেন, হাজরাবাড়ী বয়েস স্কুলের সহকারী শিক্ষক সোহেল রানা, ঘোষেরপাড়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক বিল্লাল হোসেন, শিহাটা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক জাফর আলী ও আব্দুল আজিজ, বালুআটা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাসুদ রানা, হাজরাবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষিকা সালেহা খাতুন ও হাজরাবাড়ী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক রফিকুল ইসলাম।